# আশুলিয়ায় কারখানায় সিলিন্ডারভর্তি লরিতে বিস্ফোরণে আহত ১৪



ছবি: সংগৃহীত

সাভারের আশুলিয়ায় একটি তৈরি পোশাক কারখানার ভেতরে গ্যাস সিলিন্ডারভর্তি লরিতে বিস্ফোরণের পর আগুন লাগার ঘটনা ঘটেছে। এতে অন্তত ১৪ জন আহত হয়েছেন।

রোববার (২০ সেপ্টেম্বর) সন্ধ্যায় জামগড়া এলাকার প্রীতি গ্রুপের কারখানার বাউন্ডারির ভেতরে এ ঘটনা ঘটে।

ফায়ার সার্ভিস জানায়, সন্ধ্যা ৬টা ৪০ মিনিটের দিকে কারখানার ভেতরে থাকা লরিটিতে হঠাৎ বিকট শব্দে বিস্ফোরণ হয়। এর পরপরই লরিতে আগুন ধরে যায়। খবর পেয়ে ডিইপিজেড ফায়ার সার্ভিসের দুটি ও জিরাবো ফায়ার সার্ভিসের দুটি ইউনিট ঘটনাস্থলে পৌঁছে আগুন নেভানোর কাজ শুরু করে।

জিরাবো ফায়ার সার্ভিসের ফায়ার ফাইটার হাফিজুর রহমান জানান, দুই স্টেশনের মোট চারটি ইউনিট আগুন নিয়ন্ত্রণে কাজ করছে। রাত সাড়ে ৮টা পর্যন্ত আগুন পুরোপুরি নিয়ন্ত্রণে আসেনি।

অগ্নিকাণ্ডের ঘটনায় আহত ১৪ জন আশুলিয়ার নারী ও শিশু হাসপাতালে চিকিৎসা নিতে যান। হাসপাতালটির ব্যবস্থাপক হারুন অর রশীদ জানান, আহতদের মধ্যে চার থেকে পাঁচজন দগ্ধ হয়েছেন। তাদের উন্নত চিকিৎসার জন্য ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের বার্ন ইউনিটে পাঠানো হয়েছে। অন্য আহতদের হাসপাতালে চিকিৎসা দেওয়া হচ্ছে।

আহতদের তাৎক্ষণিকভাবে নাম-পরিচয় জানা যায়নি। কারখানার ভেতরে গ্যাস সিলিন্ডারভর্তি লরিটিতে কীভাবে বিস্ফোরণ ঘটল, সে বিষয়েও তাৎক্ষণিকভাবে বিস্তারিত তথ্য পাওয়া যায়নি।

LENS ASIA